

আল-ইনসান (আদ-দাহর) | Al-Insan | الْإِنْسَان

আয়াতঃ ৭৬ : ২৪

আরবি মূল আয়াত:

فَاصْبِرْ لِحُكْمِ رَبِّكَ وَلَا تُطِعْ مِنْهُمْ آثِمًا أَوْ كَفُورًا ﴿٢٤﴾

অনুবাদসমূহ:

অতএব তোমার রবের হুকুমের জন্য ধৈর্য ধারণ কর এবং তাদের মধ্য থেকে কোন পাপিষ্ঠ বা অস্বীকারকারীর আনুগত্য করো না। — আল-বায়ান

কাজেই তুমি ধৈর্য ধ'রে, তোমার প্রতিপালকের নির্দেশের অপেক্ষা কর আর তাদের মধ্যকার পাপাচারী অথবা কাফিরের আনুগত্য কর না। — তাইসিরুল

সুতরাং ধৈর্যের সাথে তোমার রবের নির্দেশের প্রতীক্ষা কর এবং তাদের মধ্য কোনো পাপীষ্ঠ অথবা কাফিরের আনুগত্য করনা। — মুজিবুর রহমান

So be patient for the decision of your Lord and do not obey from among them a sinner or ungrateful [disbeliever]. — Sahih International

২৪. কাজেই আপনি ধৈর্যের সাথে আপনার রবের নির্দেশের প্রতীক্ষা করুন এবং তাদের মধ্য থেকে কোন পাপিষ্ঠ বা ঘোর অকৃতজ্ঞ কাফিরের আনুগত্য করবেন না।

তফসীরে জাকারিয়া

(২৪) সুতরাং ধৈর্যের সাথে তোমার প্রতিপালকের ফায়সালার প্রতীক্ষা কর[১] এবং তাদের মধ্যে যে পাপিষ্ঠ অথবা অবিশ্বাসী তার আনুগত্য করো না। [২]

[১] অর্থাৎ, তাঁর ফায়সালার অপেক্ষা কর। তিনি তোমার সাহায্যে কিছু দেরী করলে (জানবে) তাতে তাঁর কোন হিকমত আছে। কাজেই ধৈর্য ও উদ্যমের প্রয়োজন আছে।

[২] অর্থাৎ, যদি এরা তোমাকে আল্লাহর নাযিলকৃত নির্দেশাবলী থেকে বাধা দান করে, তবে তাদের কথা না মেনে তবলীগ ও দাওয়াতের কাজ অব্যাহতভাবে চালিয়ে যাও এবং আল্লাহর উপর ভরসা রাখ। তিনি মানুষ (তাদের অনিষ্ট) থেকে তোমার হেফযত করবেন। ‘পাপিষ্ঠ’ তাকে বলা হয়, যে কর্মের মাধ্যমে আল্লাহর অবাধ্যতা করে। আর ‘অবিশ্বাসী’ হল সেই, যার অন্তর অবিশ্বাসী। অথবা যে কুফরীতে সীমা অতিক্রম করে। কেউ কেউ বলেন, এ থেকে উদ্দেশ্য হল অলীদ ইবনে মুগীরাহ। সে রসূল (সাঃ)-কে বলেছিল, তুমি এ (ইসলাম প্রচার) কাজ থেকে

বিরত থাক, আমরা তোমার ইচ্ছামত তোমার জন্য ধন-সম্পদ প্রদান করব এবং আরবের যে মহিলাকে তুমি বিবাহ করতে চাইবে, তারই সাথে আমরা তোমার বিবাহ দিয়ে দেব। (ফাতহুল ক্বাদীর)

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5615>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন